## জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

বিজ্ঞপ্তি নং বিত-৭৪৯/০১০/৭১৮ তারিখ ঃ ০৫/৬/২০১০ইং

### পুন:সংশোধিত বিজ্ঞপ্তি

২০১১ শিক্ষাবর্ষের মাধ্যমিক (বাংলা ও ইংরেজি) এবং এসএসসি (ভোকেশনাল) স্তরের বিনামূল্যের পাঠ্যপুস্তক মুদ্রণ, বাঁধাই ও পরিবহণের বিজ্ঞপ্তি নং ১১৬ তারিখ ২৬/৫/২০১০ এর ১২, ১৩ এবং ১৪ নং শর্তের সংশোধনী।

শর্ত নং ১২- দরপত্র নির্দেশিকা বিক্রয়ের শেষ তারিখ ও সময় ঃ
০৬/৬/২০১০ অফিস চলাকালীন সময় এর পরিবর্তে
০৯/৬/২০১০ অফিস চলাকালীন সময়

শর্ত নং ১৩- দরপত্র নির্দেশিকা জমা দেওয়ার শেষ তারিখ ও সময়ঃ ০৭/৬/২০১০ বেলা ৪.০০ টা এর পরিবর্তে
১০/৬/২০১০ বেলা ৪.০০ টা

শর্ত নং ১৪- দরপত্র নির্দেশিকা খোলার তারিখ ও সময় ঃ
০৭/৬/২০১০ বেলা ৫.০০ টা এর পরিবর্তে
১০/৬/২০১০ বেলা ৫.০০ টা এবং

এছাড়া বিজ্ঞপ্তি নং ৮৬ তারিখ ০৪/৫/২০১০ ও সংশোধিত বিজ্ঞপ্তি নং ১১৬ তারিখ : ২৬/৫/২০১০ এর অন্যান্য শর্ত অপরিবর্তিত থাকবে।

সচিব
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
ঢাকা।

GD-2656

---

গ্যাস জাতীয় সম্পদ
এর অপচয় রোধ করে জাতীয় দায়িত্ব পালন করুন

**BAPEX** BANGLADESH PETROLEUM EXPLORATION & PRODUCTION COMPANY LIMITED (BAPEX)
(A COMPANY OF PETROBANGLA)
MATERIAL CONTROL DIVISION
SHAHJALAL TOWER (7TH FLOOR)) 80/A-B, SIDDESHWARY CIRCULAR ROAD, DHAKA-1217

Date : 06-06-2010

### CORRIGENDUM

International Tender No. BAPEX/ADMIN/INT/TEN-521/2010 dated 11-04-2010 for procurement of Wireline Logging Services for Sundolpur Well No.-1, Srikail- Well No.-2 and Kapasia Well No.-1 is hereby amended as follows:-

| | | | |
|---|---|---|---|
| 1. | Last Date and Time for selling Tender document | : | Now to be read as 15:00 Hrs. on 15-06-2010 instead of 08-06-2010. |
| 2. | Last date and Time for Submission of Tender | : | Now to be read as 11:00 Hrs. on 16-06-2010 instead of 09-06-2010. |
| 3. | Date and Time for opening Tenders | : | Now to be read as 11:30 Hrs. on 16-06-2010 instead of 09-06-2010. |

All other terms & conditions of tender document shall remain unchanged.

General Manager
Administraion Division

GD-2659

---

## দরপত্র বিজ্ঞপ্তি

### ডিফেন্স সার্ভিসেস কমান্ড এন্ড ষ্টাফ কলেজ

মিরপুর সেনানিবাস, ঢাকা-১২১৬

১১৮/টিএস তারিখঃ ২০ মে ২০১০

১। ডিফেন্স সার্ভিসেস কমান্ড এন্ড স্টাফ কলেজ এর জন্য ২০১০-২০১১ অর্থ বৎসরে ষ্টেশনারী দ্রব্য সামগ্রী, কম্পিউটারের খুচরা যন্ত্রাংশ, বিবিধ দ্রব্য সামগ্রী এবং খেলাধুলার সামগ্রী ক্রয় করা হবে। এতদউদ্দেশ্যে প্রকৃত ব্যবসায়ী/ঠিকাদার/সরবরাহকারী/কোম্পানীর নিকট হতে সীলমোহর যুক্ত দরপত্র আহবান করা যাচ্ছে।

২। আগামী ২৮ জুন ২০১০ ইং তারিখ হতে ০৫ জুলাই ২০১০ ইং তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে (০৮৩০-১৪০০ ঘটিকা) স্টাফ কলেজ এর প্রশিক্ষণ শাখা (ট্রেনিং সাপোর্ট সেকশন) হতে ষ্টেশনারী দ্রব্য গ্রুপ-১ এর জন্য ৭৫০/- টাকা, ষ্টেশনারী গ্রুপ-২ এর জন্য ৭৫০/- টাকা, কম্পিউটারের খুচরা যন্ত্রাংশের জন্য ১০০০/- টাকা, বিবিধ দ্রব্য সামগ্রীর জন্য ৭৫০/- টাকা এবং খেলাধুলার সামগ্রীর জন্য ৩০০/- টাকার বিনিময়ে সিডিউল সংগ্রহ করা যাবে।

৩। উক্ত সিডিউল মোতাবেক দরপত্র বন্ধকৃত খামে ০৭ এবং ০৮ জুলাই ২০১০ ইং তারিখ ১২০০ ঘটিকার মধ্যে কলেজ গেইটে রক্ষিত দরপত্র বাক্সে জমা দিতে হবে এবং ০৮ জুলাই ২০১০ ইং তারিখে ১২৩০ ঘটিকায় দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র কলেজ প্রতিনিধি কর্তৃক খোলা হবে। উল্লেখ্য যে, টেন্ডার সংক্রান্ত অন্যান্য শর্তাবলী সিডিউলের সাথে প্রদান করা হবে।

৪। কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

কর্ণেল জিএস
কমান্ড্যান্টের পক্ষে

ISPR/MISC/2010/196
GD - 2661

---

## বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন

৭৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা

রাবার কাঠ শক্ত, টেকসই ও উন্নতমানের
আপনিও রাবার কাঠ ব্যবহার করুন

### কাঁচা রাবার বিক্রয়ের টেন্ডার

বিজ্ঞপ্তি নং-২০/২০১০ তারিখ: ০৩-০৬-২০১০

বিএফআইডিসি'র ৩(তিন)টি রাবার জোনের উৎপাদিত বিভিন্ন গ্রেডের কাঁচা রাবার, ট্রিলেস কাপলাম্প, ফ্যাক্টরীলাম্প ও মাডলাম্প (ফ্যাক্টরীলাম্প ও মাডলাম্প সংশ্লিষ্ট বাগান থেকে সরবরাহ গ্রহণ করতে হবে) বিক্রয়ের জন্য রাবার শিল্প প্রতিষ্ঠান/রাবার ব্যবসায়ী/টেডার্স ও আগ্রহী ক্রেতাদের নিকট হতে নিদিষ্ট সিডিউল ও শর্তে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র শর্তসম্বলিত সিডিউল প্রতিটি জোনের প্রতি সেট ১০০.০০ (একশত) টাকা (অফেরতযোগ্য) মূল্যে আগামী ১৪-০৬-২০১০ তারিখ দপ্তর চলাকালীন সময় পর্যন্ত ক্যাশিয়ার, হিসাব বিভাগ, বশিউক, সদর দপ্তর, ৭৩, মতিঝিল বা/এলাকা, ঢাকা-১০০০, মহাব্যবস্থাপকের দপ্তর, রাবার বিভাগ, এফ-১২, চান্দগাঁও আবাসিক এলাকা, চট্টগ্রাম, মহাব্যবস্থাপকের দপ্তর, শ্রীমংগল, মৌলভীবাজার ও মহাব্যবস্থাপকের দপ্তর, কাকরাইদ, মধুপুর, টাংগাইল এবং বিভাগীয় কমিশনার, ঢাকা ও চট্টগ্রাম এর দপ্তর হতে ক্রয়/সংগ্রহ করা যাবে। দরপত্র আগামী ১৫-০৬-২০১০ তারিখ বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত দরপত্রে উদ্ধৃত মোট মূল্যের ২.৫% (শতকরা আড়াই ভাগ) হিসেবে বিএফআইডিসি, হেড অফিস, ঢাকা এর নামে আর্নেষ্টমানি বাবদ পে-অর্ডার/ডিডি সমেত পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), বশিউক, সদর দপ্তর, ৭৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, মহাব্যবস্থাপক, রাবার বিভাগ, এফ-১২, চান্দগাঁও আবাসিক এলাকা, চট্টগ্রাম, এবং বিভাগীয় কমিশনার, ঢাকা ও চট্টগ্রাম এর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে গ্রহণ করা হবে এবং ঐ দিন বেলা ১২.১৫ মি: সময় টেন্ডারদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) টেন্ডার বাক্স খোলা হবে।
কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

মো: আব্দুল মান্নান ইলিয়াস
(উপ-সচিব)
মহাব্যবস্থাপক (রাবার)

বশিউক/জন-০৬৫/২০১০
জিডি-২৬৩৯

---

## জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর

সূত্র নং-জাতীয় বিঃ/রেজিঃ/অ্যাকাঃ/১৬(৬১৮)/২০০৭/২/৬০৪৮ তারিখঃ ৩০/৫/১০

### সংশোধিত বিজ্ঞপ্তি

**সেকেন্ডারি টিচিং সার্টিফিকেট (STC) কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি**
**জুলাই-সেপ্টেম্বর, ২০১০**

সেকেন্ডারি টিচিং সার্টিফিকেট কোর্সে ভর্তির আবেদনপত্র সংগ্রহের জন্য একজন প্রার্থীকে নিম্নবর্ণিত শর্তসমূহ পূরণ করতে হবেঃ

১। যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ও টিকিউআই প্রকল্প কর্তৃক বাছাইকৃত মাধ্যমিক স্তরের স্কুল/মাদ্রাসায় শিক্ষক হিসেবে নিয়োজিত থাকতে হবে।

২। ন্যূনপক্ষে ডিগ্রি পাসধারী এবং বিএড ডিগ্রিবিহীন শিক্ষকগণ এ কোর্সে ভর্তি হতে পারবেন। তবে শর্ত থাকে যে পরবর্তীতে তাঁরা ০৯(নয়) মাসের বিএড কোর্সে ভর্তির সুযোগ পাবেন না।

৩। কৃষি শিক্ষক, ফাজিল ও কামিল ডিগ্রিধারী শিক্ষক, ডিপ্লোমাধারী কৃষি শিক্ষক, ৩ মাস মেয়াদী সেকেন্ডারী টিচিং সার্টিফিকেট (STC) কোর্সে ভর্তির আবেদন করতে পারবেন।

৪। যে প্রতিষ্ঠানে কর্মরত আছেন সে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ কর্তৃক কোর্সে যোগদানের জন্য ছুটি মঞ্জুরীপত্র থাকতে হবে।

৫। শিক্ষাগত যোগ্যতার সনদসমূহের সত্যায়িত ফটোকপি ও ১ (এক) কপি ছবি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

৬। ভর্তি প্রক্রিয়ার সময়সূচিঃ
ক) ভর্তির আবেদন ফরম, RIF, ভর্তি বিবরণী ফরম ও অন্যান্য কাগজপত্র সংশ্লিষ্ট টিটিসি কর্তৃক গ্রহণের তারিখঃ ৩/৫/১০-৬/৫/১০ পর্যন্ত।
খ) ভর্তির শেষ তারিখ ..................................১৪/৭/১০
গ) ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ ..........................১৫/৭/১০
ঘ) তিন কপি বিবরণীসহ ব্যাংক ড্রাফট, পূরণকৃত আবেদনপত্র ও RIF জমা দেয়ার শেষ তারিখ ..........................১৯/৭/১০
ঙ) ক্লাশ শুরুর তারিখ ..........................................১৮/৭/১০
ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাবলী সংশ্লিষ্ট সরকারি বিএড কলেজ হতে জানা যাবে।

৯। **জুলাই-সেপ্টেম্বর-২০১০ সময়কালে নিম্নোক্ত প্রতিষ্ঠানসমূহে ভর্তি হওয়া যাবেঃ**
১। সরকারি টিটি কলেজ, ঢাকা। ২। সরকারি টিটি কলেজ, ময়মনসিংহ (মহিলা)। ৩। সরকারি টিটি কলেজ, ময়মনসিংহ (পুরুষ)। ৪। সরকারি টিটি কলেজ, ফরিদপুর। ৫। সরকারি টিটি কলেজ, রাজশাহী। ৬। সরকারি টিটি কলেজ, রংপুর। ৭। সরকারি টিটি কলেজ, পাবনা। ৮। সরকারি টিটি কলেজ, চট্টগ্রাম। ৯। সরকারি টিটি কলেজ, কুমিল্লা। ১০। সরকারি টিটি কলেজ, ফেনী। ১১। সরকারি টিটি কলেজ, খুলনা। ১২। সরকারি টিটি কলেজ, যশোর। ১৩। সরকারি টিটি কলেজ, সিলেট। ১৪। শহীদ আব্দুর রব সেরনিয়াবাদ টিটি কলেজ, বরিশাল।

জিডি-২৬২৪

---

## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

# ২০১০-১১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ভর্তির নীতিমালা

স্মারক নং-৭৬০ তারিখ: ০২/০৬/২০১০

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য শিক্ষা মন্ত্রণালয়ের শা: ৬/১৩বিবিধ-২৮/২০০৭(অংশ-১)/৫০৯(১৬)- শিক্ষা, তারিখ: ০১/০৬/২০১০ইং নং পত্রের নির্দেশের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত নীতিমালার ভিত্তিতে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাভুক্ত উচ্চ মাধ্যমিক বিদ্যালয় এবং কলেজসমূহে ২০১০-১১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ছাত্র/ছাত্রী ভর্তি করতে হবে।

১। **ভর্তির যোগ্যতা ও শাখা নির্বাচন ঃ-**

(১) ২০০৮, ২০০৯ ও ২০১০ সনে দেশের যে কোন শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ ২০১০-১১ শিক্ষাবর্ষে এই নীতিমালার অন্যান্য বিধানাবলী সাপেক্ষে কোন কলেজে একাদশ শ্রেণীতে ভর্তির যোগ্য বিবেচিত হবে।

(২) বিদেশি কোন প্রতিষ্ঠান হতে সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক তার সনদের মান নির্ধারণের পর দফা (১) এর অধীনে ভর্তির যোগ্য বিবেচিত হবে।

(৩) ভর্তির জন্য একজন প্রার্থী নিম্নরূপ শাখা নির্বাচন করতে পারবে, যথা ঃ
(ক) বিজ্ঞান শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার যে কোন একটি;
(খ) মানবিক শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার যে কোন একটি এবং
(গ) ব্যবসায় শিক্ষা শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী ব্যবসায় শিক্ষা ও মানবিক শাখার যে কোন একটি।

২। **প্রার্থী নির্বাচনের অনুসরণীয় পদ্ধতি ঃ-**

(১) ভর্তির জন্য কোন বাছাই পরীক্ষা বা ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে না। কেবল শিক্ষার্থীর এসএসসি বা সমমান পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ভর্তি করা হবে।

(২) বিভাগীয় সদরের কলেজসমূহে ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজের ৮৮% আসন সকলের জন্য উন্মুক্ত থাকবে এবং অবশিষ্ট ১২% আসনের মধ্যে ৭% উল্লিখিত বিভাগীয় সদরের বাইরের (যে কোন অঞ্চলের জন্য) শিক্ষার্থীদের জন্য এবং অবশিষ্ট ৫% মুক্তিযোদ্ধার সন্তানদের/পোষ্যদের জন্য সংরক্ষিত থাকবে। যদি প্রার্থী না পাওয়া যায় তবে সাধারণ কোটায় ভর্তি করা যাবে। মুক্তিযোদ্ধা সন্তানদের সনাক্তকরণের জন্য মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে।

(৩) বিভাগীয় শহর ব্যতীত অন্যান্য জেলা শহরের কলেজগুলোতে ৮৮% আসন সকলের জন্য উন্মুক্ত থাকবে এবং অবশিষ্ট ১২% আসনের মধ্যে ৭% উল্লিখিত জেলা সদরের বাইরের (যে কোন অঞ্চলের জন্য) শিক্ষার্থীদের জন্য এবং অবশিষ্ট ৫% মুক্তিযোদ্ধার সন্তানদের/পোষ্যদের জন্য সংরক্ষিত থাকবে। যদি প্রার্থী না পাওয়া যায় তবে সাধারণ কোটায় ভর্তি করা যাবে। মুক্তিযোদ্ধা সন্তানদের সনাক্তকরণের জন্য মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে।

(৪) দফা (২) ও (৩) এ উল্লিখিত ৮৮% আসনে বিভাগীয় বা জেলা শহরের বাইরের কোন শিক্ষার্থী নির্বাচিত হওয়ার ক্ষেত্রে কোন বাধা থাকবে না এবং উক্ত নির্বাচন বিভাগীয় বা জেলা শহরের বাইরের শিক্ষার্থীদের জন্য নির্ধারিত সংরক্ষিত আসনকে প্রভাবিত করবে না।

(৫) (ক) GPA-৫ প্রাপ্ত শিক্ষার্থীর ক্ষেত্রে সকল বিষয়ের উপর সর্বোচ্চ ৪৩ পয়েন্ট ধরে ক্রমান্বয়ে ৪০ পয়েন্ট প্রাপ্ত প্রার্থীদের অগ্রাধিকার ভিত্তিতে ভর্তির সুযোগ দিতে হবে (৯ বিষয়ে জিপিএ ৫ হিসেবে হবে ৯ ? ৫ = ৪৫ পয়েন্ট। কিন্তু চতুর্থ বিষয়ে ২ পয়েন্ট বাদ দেয়ার কারণে সর্বোচ্চ পয়েন্ট ৪৩ উল্লেখ করা হয়েছে)।

(খ) দফা (ক) এর বিধান সত্ত্বেও কেবল বিজ্ঞান বিভাগে ভর্তির ক্ষেত্রে ৪০ পয়েন্ট প্রাপ্ত প্রার্থীগণের মধ্যে সমান পয়েন্ট অর্জনের বিষয়টি নিষ্পত্তির লক্ষ্যে সাধারণ গণিত অথবা উচ্চতর গণিত/জীববিজ্ঞানে ৫ পয়েন্ট প্রাপ্ত প্রার্থীদেরকে অগ্রাধিকার দিতে হবে।

(গ) দফা (খ) এর বিধান সত্ত্বেও যদি প্রার্থী বাছাইকল্পে উদ্ভূত সমস্যা নিরসন না হয়, তবে পর্যায়ক্রমে ইংরেজি, পদার্থ বিজ্ঞান ও রসায়ন বিজ্ঞানে অর্জিত পয়েন্ট বিবেচনায় আনতে হবে।

(ঘ) মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগের ক্ষেত্রে সমান পয়েন্ট অর্জনের বিষয়টি নিষ্পত্তির লক্ষ্যে পর্যায়ক্রমে ইংরেজি, গণিত ও বাংলা বিষয়ের অর্জিত পয়েন্ট বিবেচনায় আনতে হবে।

(ঙ) এক বিভাগের প্রার্থী অন্য বিভাগে ভর্তির ক্ষেত্রে মোট পয়েন্ট একই হলে সেক্ষেত্রে পর্যায়ক্রমে ইংরেজি, গণিত ও বাংলা বিষয়ের অর্জিত পয়েন্ট বিবেচনায় আনতে হবে।

(৬) (ক) উপ-অনুচ্ছেদ ৫ (ক) (খ) (গ) (ঘ) ও (ঙ) দফা পর্যায়ক্রমিকভাবে প্রয়োগের পরও যদি কোন কলেজে বিদ্যমান আসন সংখ্যা অনুযায়ী প্রার্থী বাছাই-এ উদ্ভূত সমস্যা সমাধান না হয় সেক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষা বোর্ড কম্পিউটার কেন্দ্র (বাড়ি নং ৪৪, রোড নং ১২/এ, ধানমন্ডি) ঢাকা এর চেয়ারম্যান বরাবর নির্ধারিত ফরম্যাটে আবেদন করে সংশ্লিষ্ট শিক্ষার্থীদের পারস্পরিক মেধাক্রম সংগ্রহ করে প্রার্থী বাছাই করতে হবে।
(খ) শিক্ষা বোর্ড কম্পিউটার কেন্দ্রের যে কোন নির্দেশনা www.educationboard.gov.bd এবং www.dhakaeducationboard.gov.bd এর মধ্যমে যথাসময়ে জানানো হবে। ই-মেইলে যোগাযোগের জন্য ssa@dhakaeducationboard.gov.bd ঠিকানা ব্যবহার করতে হবে।

(৭) এ নীতিমালায় যা কিছুই থাকুক না কেন স্কুল এন্ড কলেজের ক্ষেত্রে নিজস্ব প্রতিষ্ঠান হতে উত্তীর্ণ শিক্ষার্থীগণ অগ্রাধিকার ভিত্তিতে ভর্তির সুযোগ পাবে।

(৮) কলেজ কর্তৃপক্ষকে তাদের ভর্তি সংক্রান্ত সকল তথ্য ওয়েব সাইটে প্রকাশ করতে হবে।

(৯) ভর্তির সকল কার্যক্রম যথাসম্ভব অনলাইনে সম্পন্ন করতে হবে।

(১০) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন সকল কলেজ/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের ভর্তির নির্ধারিত আসন সংখ্যা বোর্ডের ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে।

৩। **বিজ্ঞপ্তি, ভর্তি ও ফিঃ-**

(১) অনুচ্ছেদ ৬ এর দফা (২) এর বিধান সাপেক্ষে, কলেজসমূহ বোর্ড কর্তৃক নির্ধারিত আসন সংখ্যা (বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায়) ভর্তি বিজ্ঞপ্তিতে উল্লেখ করবে। বোর্ডের পূর্বানুমতি ব্যতীত নির্ধারিত আসন সংখ্যার অতিরিক্ত শিক্ষার্থী ভর্তি করা যাবে না। এই বিধানের ব্যত্যয় ঘটালে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(২) বোর্ড কর্তৃক নির্ধারিত ফিসহ অনুমোদিত অন্যান্য সকল ফি, আসন সংখ্যা, ভর্তির যোগ্যতা ইত্যাদি উল্লেখপূর্বক কলেজ কর্তৃপক্ষ সংশ্লিষ্ট কলেজের নোটিস বোর্ডসহ বিজ্ঞপ্তি যথাযথভাবে প্রচারের মাধ্যমে ভর্তির জন্য প্রার্থীদের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করবে।

(৩) ব্যতিক্রমী ক্ষেত্রে, কোন কলেজে ভর্তির জন্য সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ ন্যূনতম যোগ্যতা নির্ধারণ করতে পারবে।

(৪) আবেদনপত্র প্রাপ্তির পর কোন কলেজ এ নীতিমালা অনুযায়ী উহার আসন সংখ্যার সমান সংখ্যক ভর্তিযোগ্য প্রার্থীদের একটি মেধাক্রম তালিকা এবং মোট আসন সংখ্যার ন্যূনতম ২৫% অপেক্ষমান মেধাক্রম তালিকা কলেজের নোটিস বোর্ড ও সংশ্লিষ্ট কলেজের ওয়েব সাইটে প্রকাশ করবে। মোট আসনে নির্বাচিত কোন প্রার্থী নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি না হলে কিংবা ভর্তির জন্য নির্ধারিত সময়ের মধ্যে অন্য কোন কারণে কোন আসন শূন্য হলে, উক্ত অপেক্ষমান তালিকা হতে মেধাক্রম অনুসারে শূন্য আসনে ভর্তি করতে হবে।

(৫) ভর্তির সময় প্রার্থীকে মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র এবং যে শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রার্থী এসএসসি বা সমমানের পরীক্ষায় অবতীর্ণ হয়েছিল সেই শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক ইস্যুকৃত প্রশংসাপত্র দাখিল করতে হবে।

(৬) ভর্তি ইচ্ছুক প্রার্থীগণের নিকট হতে ভর্তির জন্য আবেদনপত্র ফরমের মূল্য বাবদ ১০.০০ (দশ) টাকা এবং ভর্তি ব্যবস্থাপনা ব্যয় নির্বাহের জন্য ৫০.০০ (পঞ্চাশ) টাকা সর্বমোট ৬০.০০ (ষাট) টাকা গ্রহণ করা যাবে।

(৭) কোন শিক্ষার্থীর নিকট হতে অনুমোদিত ফি-এর অতিরিক্ত কোন অর্থ গ্রহণ করা যাবে না এবং অনুমোদিত সকল ফি যথাযথ রশিদ প্রদানের মাধ্যমে গ্রহণ করতে হবে।

(৮) ভর্তির সময় বোর্ড কর্তৃক অনুমোদিত অন্যান্য ফিসহ (যদি থাকে) নিম্নে উল্লিখিত ফি গ্রহণ করা হবে, যথাঃ

| ক্রমিক | বিবরণ | পরিমাণ |
|---|---|---|
| ১. | রেজিস্ট্রেশন ফি | ১০০.০০ |
| ২. | ক্রীড়া ফি | ২৫.০০ |
| ৩. | রোভার স্কাউট/গার্লস গাইড ফি | ১৫.০০ |
| ৪. | রেড ক্রিসেন্ট ফি | ১৫.০০ |
| ৫. | বিজ্ঞান ও প্রযুক্তি ফি | ৭.০০ |
| ৬. | শাখা/বিষয় পরিবর্তন ফি | ২৫.০০ |

তবে শর্ত থাকে যে, কোন শিক্ষার্থীর পাঠ বিরতি থাকলে এবং বিলম্বে ভর্তি হলে তার নিকট হতে উপরোল্লিখিত ফি-এর অতিরিক্ত নিম্নে উল্লিখিত ফি গ্রহণ করা যাবে, যথাঃ

| ক্রমিক | বিবরণ | পরিমাণ |
|---|---|---|
| ১. | পাঠ বিরতি ফি | ১০০.০০ |
| ২. | বিলম্ব ভর্তি ফি | ৫০.০০ |

৪। ভর্তি, ক্লাস শুরু, শাখা/বিষয় পরিবর্তন ইত্যাদিঃ (১) ২০১০-২০১১ শিক্ষাবর্ষে ভর্তির জন্য নিম্নে উল্লিখিত সময়সূচি অনুসরণ করতে হবেঃ

| ক্রমিক | বিষয় | তারিখ |
|---|---|---|
| ক. | ভর্তির আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ | ১০/০৬/২০১০ |
| | পুন: নিরীক্ষণের ক্ষেত্রে | ১২/০৬/২০১০ |
| খ. | সমমেধা সম্পন্নদের মেধাক্রম তৈরির জন্য নির্ধারিত ফরমে কম্পিউটার কেন্দ্রে আবেদনপত্র পাঠাবার শেষ তারিখ | ১৩/০৬/২০১০ |
| গ. | ভর্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের তালিকা প্রকাশের তারিখ | ১৭/০৬/২০১০ |
| ঘ. | বিলম্ব ফি ছাড়া ভর্তি ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ | ২৮/০৬/২০১০ |
| ঙ. | ক্লাস শুরু করার তারিখ | ০১/০৭/২০১০ |
| চ. | বিলম্ব ফি ছাড়া ভর্তিকৃত শিক্ষার্থীগণের টট লিস্ট, রেজিস্ট্রেশন ফি ও মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/মার্কশিট বোর্ডে জমা দেয়ার শেষ তারিখ | ১৪/০৭/২০১০ |
| ছ. | বিলম্ব ফিসহ ভর্তি ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ | ১১/০৭/২০১০ |
| জ. | বিলম্ব ফিসহ ভর্তিকৃত শিক্ষার্থীগণের টট লিস্ট, রেজিস্ট্রেশন ফি ও মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/মার্কশিট বোর্ডে জমা দেয়ার শেষ তারিখ | ২২/০৭/২০১০ |
| ঝ. | ব্যবহারিক ক্লাস শুরু করার তারিখ | ২৫/০৭/২০১০ |
| ঞ. | শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক শিক্ষার্থীর শাখা/বিষয় পরিবর্তনের ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ | ০১/০৮/২০১০ |
| ট. | শাখা/বিষয় পরিবর্তনকারী শিক্ষার্থীর ব্যাংক ড্রাফটসহ তালিকা বোর্ডে প্রেরণের শেষ তারিখ | ০৫/০৮/২০১০ |
| ঠ. | পূরণকৃত এসআইএফ শিক্ষা বোর্ডে জমাদানের শেষ তারিখ (এসআইএফ এর সাথে জেলা রোভার স্কাউট্স এর প্রাপ্য রোভার স্কাউট্স ফি পরিশোধের রশিদ অবশ্যই জমা দিতে হবে।) | ১৯/০৮/২০১০ |

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর কলেজ শাখায় নিম্নে বর্ণিত তারিখে এসআইএফ বিতরণ করা হবে:

| | | |
|---|---|---|
| ১. | ঢাকা মহানগরী | ০১/০৮/১০ |
| ২. | বৃহত্তর ঢাকা | ০২/০৮/১০ |
| ৩. | বৃহত্তর ময়মনসিংহ | ০৩/০৮/১০ |
| ৪. | বৃহত্তর ফরিদপুর | ০৪/০৮/১০ |

৫। **কলেজ পরিবর্তনঃ**

(১) যদি কোন শিক্ষার্থী অনুচ্ছেদ ৪ এর বিধানমতে কোন কলেজে ভর্তি হওয়া সত্ত্বেও একই শিক্ষাবর্ষে অনুচ্ছেদ ৪ দফা (ছ) অনুযায়ী সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড কর্তৃক নির্ধারিত বিলম্ব ফিসহ ভর্তির শেষ তারিখের মধ্যে অন্য কোন কলেজে ভর্তির সুযোগ পায় এবং উক্ত অন্য কলেজে ভর্তি হতে ইচ্ছুক হয়, তাহলে উক্ত শিক্ষার্থী তার অভিভাবকের সম্মতিসহ সংশ্লিষ্ট কলেজে তার ভর্তি বাতিল করার জন্য আবেদন জানাতে পারবে। উল্লিখিতরূপে আবেদন করা হলে সংশ্লিষ্ট কলেজ তার ভর্তি বাতিলপূর্বক জমাকৃত মূল একাডেমিক টান্সক্রিপ্ট/নম্বরপত্র ফেরত দিবে (এ ক্ষেত্রে বোর্ডের অনুমতির প্রয়োজন নেই)।

(২) সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পূর্বানুমতি ছাড়া একাদশ শ্রেণীতে ভর্তিকৃত কোন ছাত্র/ছাত্রীর ছাড়পত্র ইস্যু করা যাবে না কিংবা বোর্ডের পূর্বানুমতি ছাড়া ইস্যুকৃত ছাড়পত্রের বরাতে ভর্তি করা যাবে না। তবে শুধুমাত্র সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের চাকুরিজীবী পিতা বা মাতার বদলিজনিত কারণে কোন ছাত্র/ছাত্রীর ছাড়পত্র ইস্যু করতে বা ভর্তি করতে বোর্ডের পূর্বানুমতি নেয়ার প্রয়োজন হবে না। এরূপ ক্ষেত্রে বদলিকৃত কর্মকর্তা/কর্মচারীর বদলির আদেশপত্র প্রদর্শন করে প্রতিষ্ঠান হতে ছাড়পত্র নেয়া যাবে এবং নতুন কর্মস্থলে যোগদানপত্র দেখিয়ে সংশ্লিষ্ট চাকুরিজীবীর সন্তানকে বদলিকৃত কর্মস্থলে উপযুক্ত কোন প্রতিষ্ঠানে ভর্তি করা যাবে। এক্ষেত্রে কলেজ কর্তৃপক্ষকে এ ধরনের ভর্তিকৃত ছাত্র/ছাত্রী ভর্তির ১৫ (পনের) দিনের মধ্যে রেজিস্ট্রেশন ফিসহ প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডে জমা দিতে হবে।

(৩) কোন শিক্ষা প্রতিষ্ঠান কোন অবস্থাতেই সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ কোন শিক্ষার্থীর মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট উক্ত শিক্ষার্থী বা তার অভিভাবক বা তাদের অভিভাবক যে কোন একজনের নিকট হতে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি ব্যতীত অন্য কোন ব্যক্তি বা শিক্ষা প্রতিষ্ঠানে হস্তান্তর করবে না বা অন্য কোন অজুহাতে কোন শিক্ষার্থীর একাডেমিক ট্রান্সক্রিপ্ট আটক রাখতে পারবে না।

৬। **অনুমতি বা স্বীকৃতিবিহীন কলেজে ভর্তি নিষিদ্ধঃ**

(১) পাঠদানের প্রাথমিক অনুমতিবিহীন অথবা স্বীকৃতি বাতিলকৃত কোন কলেজে কোন অবস্থাতেই ছাত্র/ছাত্রী ভর্তি করা যাবে না।

(২) পাঠদানের প্রাথমিক অনুমতিপ্রাপ্ত অথবা স্বীকৃতিপ্রাপ্ত কোন কলেজে অননুমোদিত শাখা এবং অননুমোদিত কোন বিষয়ে ছাত্র/ছাত্রী ভর্তি করা যাবে না।

৭। **নীতিমালার প্রবর্তন ও প্রয়োগঃ**

(১) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন সকল সরকারি/বেসরকারি কলেজে ২০১০-২০১১ শিক্ষাবর্ষ হতে একাদশ শ্রেণীতে ছাত্র/ছাত্রী ভর্তির ক্ষেত্রে এ নীতিমালা প্রযোজ্য হবে।

(২) এই নীতিমালার কোনরূপ ব্যত্যয় ঘটানো হলে বেসরকারি কলেজের ক্ষেত্রে পাঠদানে অনুমতি বা স্বীকৃতি বাতিলসহ কলেজটির এমপিওভুক্তি বাতিল করা হবে এবং সরকারি কলেজের ক্ষেত্রে সংশ্লিষ্ট অধ্যক্ষের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

আদেশক্রমে
**ড. শ্রীকান্ত কুমার চন্দ**
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা

জিডি-২৬২৩